“যখন জানাযা খাটে রাখা হয় এবং পুরুষরা তা কাঁধে বহন করে নেয়, তখন সে সৎ হলে বলতে থাকে, আমাকে সামনে এগিয়ে নিয়ে যাও।

আবূ সা‘ঈদ খুদরী রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যখন জানাযা খাটে রাখা হয় এবং পুরুষরা তা কাঁধে বহন করে নেয়, তখন সে সৎ হলে বলতে থাকে, আমাকে সামনে এগিয়ে নিয়ে যাও। আর সৎ না হলে
সে বলতে থাকে, হায় আফসোস! তোমরা এটাকে কোথায় নিয়ে যাচ্ছ? মানব জাতি ব্যতীত সবাই
তার চিৎকার শুনতে পায়। মানুষ তা শুনলে জ্ঞান হারিয়ে ফেলত।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যখন জানাজা খাটিয়ায় রাখা হয় এবং লোকেরা এটিকে তাদের কাঁধে বহন করে, যদি এটি সৎ হয়, তবে এটি বলে: “আমাকে সামনে এগিয়ে নাও,” কারণ এটি তার সামনে জান্নাতের নেয়ামত দেখতে পায়। আর যদি এটি অসৎ হয়, তবে এটি ভয়ংকর কণ্ঠে চিৎকার করে বলে: “হায় আমার সর্বনাশ! কোথায় নিয়ে যাচ্ছে তোমরা আমাকে?!” কারণ এটি তার সামনে আজাব দেখতে পায়। এর আওয়াজ সবকিছুই শুনতে পায়, শুধু মানুষ ছাড়া। আর যদি মানুষ তা শুনত, তবে ভয় ও আতঙ্কে অচেতন হয়ে পড়ত

https://sunnah.global/hadeeth/bn/show/3554